



(“শিক্ষার্থীদের Softloan” প্রদান প্রসঙ্গে )

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মন্ত্রী কমিশন এর নীতিমালা ২০২০ এর আলোকে করোনা মহামারীর (কোভিড-১৯) কারণে উত্তৃত পরিস্থিতিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে Online শিক্ষা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে আর্থিকভাবে অস্বচ্ছল শিক্ষার্থীদের সুদবিহীন খণ্ডের আওতায় Android Device/Smartphone ক্রয়ের জন্য খণ্ড প্রদানের নিমিত্তে নিম্নে উন্নোটিত শর্তাবলীনে বিভাগ/ইনসিটিউট এর মাধ্যমে আবেদনকৃত শিক্ষার্থীদেরকে ২০/০৬/২০২১ তারিখ এর মধ্যে তথ্য সরবরাহের জন্য অনুরোধ করা যাচ্ছে।

- ১। ঢাকা বিশ্ববিদ্যালয়ে স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত অস্বচ্ছল শিক্ষার্থী যাদের নাম “শিক্ষার্থীদের Softloan” তালিকায় অন্তর্ভুক্ত আছে কেবলমাত্র তারাই আবেদন করতে পারবেন।
- ২। খণ্ডের সর্বোচ্চ সিলিং ৮,০০০/- (আট হাজার) টাকা, যাহা সুদমুক্ত। উক্ত টাকা সংশ্লিষ্ট শিক্ষার্থীর ব্যাংক হিসাবের মাধ্যমে প্রদান করা হবে।
- ৩। শিক্ষার্থীদের সোনালী ব্যাংক লিঃ/ জনতা ব্যাংক লিঃ/ অঞ্চলী ব্যাংকসহ বাংলাদেশের যে কোন তফসিলি ব্যাংকের যেকোন শাখায় নিজ নামে ব্যাংক একাউন্ট থাকতে হবে। তবে যাদের ব্যাংক একাউন্ট নেই তারা বাংলাদেশের যে কোন তফসিলি ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক একাউন্ট খুলতে পারবেন। উন্নোট্য যে, সোনালী ব্যাংক লিঃ এর হিসাব খোলার জন্য একটি Sonali eSheba অ্যাপস রয়েছে যার মাধ্যমে শিক্ষার্থীরা খুব সহজেই কোন রকম চার্জ ব্যৱস্থাপন করতে পারবেন।
- ৪। ২০/০৬/২০২১ ইং তারিখের মধ্যে “শিক্ষার্থীদের Softloan” তালিকায় নির্বন্ধিত শিক্ষার্থীরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.du.ac.bd](http://www.du.ac.bd) এর অন্তর্ভুক্ত Du Forms এর অন্তর্ভুক্ত “শিক্ষার্থীদের Softloan” নামক আবেদন ফরম ডাউনলোড করে পূরণের পর স্ব স্ব বিভাগ/ ইনসিটিউট এর চেয়ারম্যান/পরিচালকের নিকট প্রেরণ করতে হবে। আবেদন ফরম প্রেরনের বিষয়ে নিজ নিজ বিভাগ/ইনসিটিউট এ যোগাযোগ করার জন্য শিক্ষার্থীদের অনুরোধ করা যাচ্ছে।
- ৫। সংশ্লিষ্ট শিক্ষার্থীকে Android Device/Smartphone ক্রয়ের ভাউচারটি বিভাগ/ইনসিটিউট এ জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো। বিভাগ কর্তৃক ভাউচারগুলি একত্রীকরণ করে “Softloan অনুমোদন কমিটি”র সদস্য-সচিব উপ-হিসাব পরিচালক(লোন) কক্ষ নং ১২৩/ক, প্রশাসনিক ভবন এ জমা দিতে হবে।
- ৬। খণ্ডের অর্থ সংশ্লিষ্ট শিক্ষার্থীকে বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নকালীন সময়ে এককালীন অথবা সর্বোচ্চ ৪টি সমান কিণ্টিতে হিসাবের শিরোনাম “শিক্ষার্থীদের Softloan” হিসাব নং ৪৪০৫৭০২০০১১৪৯ সোনালী ব্যাংক লিঃ, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস কর্পোরেট শাখায় পরিশোধ করতে হবে। (জমার রশিদ কক্ষ নং ১২৩/ক, উপ-হিসাব পরিচালক(লোন) প্রশাসনিক ভবন এ জমা দিতে হবে।
- ৭। খণ্ডের সম্পূর্ণ অর্থ ফেরৎ না দেওয়া পর্যন্ত সংশ্লিষ্ট শিক্ষার্থীর নামে কোন ট্রান্সক্রিপ্ট ও সাময়িক/মূল সনদ ইস্যু করা হবে না।

হিসাব পরিচালক (ভারপ্রাপ্ত)

ঢাকা বিশ্ববিদ্যালয়।

তারিখ : ১৩ / ০৬ / ২০২১ ইং

নং ২০২১/১৪ হিপ: (লোন)

অর্থসংক্ষিপ্ত এবং সহজে বুঝার প্রয়োজনীয় স্বতন্ত্র প্রক্রিয়া পদ্ধতি প্রয়োজনীয় প্রক্রিয়া পদ্ধতি প্রয়োজনীয় প্রক্রিয়া পদ্ধতি